ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৪৪১৯</u>
আগরতলা, ২২ ডিসেম্বর, ২০২৫

**<u>ডোনার মন্ত্রীর সভাপতিত্বে টাস্ক ফোর্সের বৈঠক</u>**
**উত্তর পূর্বাঞ্চলের বিকাশ ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি হলে এই অঞ্চল দক্ষিণ পূর্ব এশিয়ার প্রবেশদ্বার হয়ে উঠবে ঃ মুখ্যমন্ত্রী**



উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে পরিকাঠামো এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহাকে আহ্বায়ক করে গঠিত উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্সের তৃতীয় বৈঠক আজ অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রকের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া ভার্চুয়ালী আয়োজিত এই বৈঠকে সভাপতিত্ব করেন। এই বৈঠকে কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রকের মন্ত্রী ছাড়াও মিজোরামের মুখ্যমন্ত্রী লালদুহমা সহ ডোনার মন্ত্রক এবং উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন এবং আলোচনায় অংশ নেন। ত্রিপুরা ইনস্টিটিশন ফর ট্রান্সফরমেশন কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত এই ভার্চুয়াল বৈঠকে রাজ্যের শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, পরিকল্পনা দপ্তরের সচিব এল টি ডার্লং, শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা ড. দীপক কুমার সহ অন্যান্য পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

বৈঠকে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির অগ্রগতি ও উন্নয়নের ব্যাপক সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে পরিকাঠামো এবং যোগাযোগ ব্যবস্থার আরও উন্নয়নের লক্ষ্যে উত্তর পূর্বাঞ্চল রাজ্যগুলিকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির সড়ক, রেল, বিমান যোগাযোগ, জলপথ, বিদ্যুৎ, গ্যাস এবং ডিজিটাল সংযোগের ক্ষেত্রে যে সমস্যা রয়েছে তা চিহ্নিত করে উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্সকে সমন্বিত ভাবে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া প্রয়োজন বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন। বৈঠকে মুখ্যমন্ত্রী উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে পরিকাঠামো ও যোগাযোগ ব্যবস্থার বিকাশে টাস্ক ফোর্সের প্রস্তাবিত কৌশলগত একটি বিস্তৃত রূপরেখা উপস্থাপন করেন। তিনি বলেন, এই রূপরেখা এই অঞ্চলের বর্তমান পরিকাঠামো, প্রতিবন্ধকতাগুলি চিহ্নিতকরণ সহ ভবিষ্যতের কথা বিবেচনা করে তৈরী করা হয়েছে। বৈঠকে আলোচনায় মুখ্যমন্ত্রী উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির উন্নয়নে অগ্রাধিকারের ক্ষেত্রগুলির চিহ্নিতকরণ, রিজিওন্যাল ইনফ্রাস্ট্রাকচার ম্যাক্রো-গ্রিড, বিদ্যুৎ, তেল, প্রাকৃতিক গ্যাস, পর্যটন, সীমান্ত বাণিজ্যের স্থান ইত্যাদি সম্ভাবনাময় ক্ষেত্রগুলির উপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন এবং এই ক্ষেত্রগুলির উন্নয়নের প্রস্তাবিত রূপরেখা প্রতিবেদনের মাধ্যমে তুলে ধরেন।

*****২য় পাতায়*

বৈঠকে মুখ্যমন্ত্রী কালাদান মাল্টিমডেল ট্রানজিট ট্রান্সপোর্ট প্রকল্পটি কার্যকর করা, ভারত এবং প্রতিবেশি রাষ্ট্রগুলির সাথে উত্তর পূর্বাঞ্চলের সংযোগকারী মাল্টিমডেল করিডোরগুলিকে শক্তিশালী করার উপর গুরুত্ব আরোপ করেন। সুসংহত লজিস্টিক্স হাব, পণ্য পরিবাহী রেল, সমন্বিত শক্তি এবং ডিজিটাল পরিকাঠামোর মাধ্যমে এই অঞ্চলকে বঙ্গোপসাগর এবং আশিয়ান দেশগুলির প্রবেশদ্বার হিসেবে গড়ে তোলার বিষয়েও তিনি গুরুত্বারোপ করেন। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন, উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির সম্মিলিত প্রচেষ্টা এবং কেন্দ্র ও রাজ্যের সমন্বয়ে উত্তর পূর্বাঞ্চলের বিকাশ ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি হলে এই অঞ্চল দক্ষিণ পূর্ব এশিয়ার প্রবেশদ্বার হয়ে উঠবে।

বৈঠকে কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রকের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া টাস্ক ফোর্সের উপস্থাপিত এই প্রতিবেদনের ক্ষেত্রে বিস্তৃত প্রস্তুতি, সমন্বিত পরিকল্পনা এবং দুরদর্শিতার জন্য মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এবং রাজ্য সরকারের ভূয়সী প্রশংসা করেন।

******